ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৪১ ● কলকাতা ● ২৯ মাঘ, ১৪৩১ ● বুধবার ● ১২ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## বাংলাদেশে নিষিদ্ধ! এবার এপার বাংলায় 'জয় বাংলা' স্লোগান নিয়ে বিরাট ঘোষণা মমতার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিগত কয়েক মাস ধরে বাংলাদেশে টালমাটাল পরিস্থিতি। শেখ হাসিনা সরকারের পতনের পর সেদেশে নিষিদ্ধ হয়েছে 'জয় বাংলা' স্লোগান। এর আঁচ ওপার বাংলার গণ্ডি পেরিয়ে আস্তে আস্তে ছড়িয়ে পড়ছে গোটা বিশ্বে। এবার এই বিষয়ে জানতে পেরে বিধানসভায় সরব হলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ।উল্লেখ্য, বাংলাদেশের টালমাটাল পরিস্থিতির আঁচ এপার বাংলাতেও এসে পড়েছে। পশ্চিমবঙ্গের একাধিক রাজনীতিক এই বিষয়ে মুখ খুলেছেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও এর আগে এই নিয়ে সরব হয়েছিলেন। এবার 'জয় বাংলা' স্লোগান নিয়ে নিজের অবস্থান স্পষ্ট করলেন তিনি। বাংলাদেশে যাই হোক না কেন, এপার বাংলায় এই স্লোগান আছে ও থাকবে বলে জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী।তিনি জানান, এই স্লোগান কাজি নজরুল ইসলামের একটি

এরপর ৩ পাতায়

## ইভিএমের কোনও তথ্য ডিলিট নয়', কমিশনকে নির্দেশ সুপ্রিম কোর্টের, কারচুপির তত্ত্বেই সায়?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভোটের পর ইভিএমের কোনও তথ্য মুছে দেওয়া নয়। ইভিএম সংক্রান্ত এক মামলায় নির্বাচন কমিশনকে নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালত বলছে, ভোটের পরও ইভিএমের 'মেমোরি' পরীক্ষা করা দরকার। সম্প্রতি হরিয়ানা হোক বা মহারাষ্ট্র। নির্বাচনে হারের পর ইভিএমের দিকে আঙুল তুলেছে

এরপর ৩ পৃষ্ঠায়







# মুখ্যমন্ত্রী লালদুহোমার সাথে সাক্ষাৎ করলেন আইএএ মিজোরামের প্রতিনিধিদল



**জগদীশ যাদব আইজল/কলকাতা।**

মিজোরাম আনুষ্ঠানিকভাবে ১৫ এপ্রিল, ২০২৫ তারিখে লিওনার্দো দা ভিঞ্চির জন্মবার্ষিকীর সাথে ইউনেস্কো বিশ্ব শিল্প দিবস উদযাপন করবে। এই ঐতিহাসিক অনুষ্ঠানটি মিজোরামের সমৃদ্ধ লোক সংস্কৃতিকে তুলে ধরবে, এর ঐতিহ্যবাহী শিল্পকলা, ঐতিহ্য এবং আদি শৈল্পিক অভিব্যক্তি উদযাপন করবে। আইএএ ইন্ডিয়ার সভাপতি মনোজ সাহার নেতৃত্বে ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ আর্ট (আইএএ) মিজোরাম চ্যাপ্টারের একটি প্রতিনিধিদল এবং মুখ্যমন্ত্রী লালদুহোমার মধ্যে একটি উচ্চ পর্যায়ের বৈঠকের পর এই ঘোষণা করা হয়। আলোচনায় সাংস্কৃতিক সংরক্ষণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছিল, বিশেষ করে ঐতিহ্য পর্যটনের প্রচার, নিদর্শন পুনরুদ্ধার এবং জাদুঘরের উন্নতির উপর। আইএএ প্রতিনিধিদল মিজোরামের প্রাণবন্ত লোক ঐতিহ্যের প্রতি তার প্রশংসা প্রকাশ করেছে এবং এর শৈল্পিক ঐতিহ্য সংরক্ষণে পূর্ণ সমর্থনের প্রতিশ্রুতি দিয়েছে। তিনি রাজ্যের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে থাকা পুরনো গল্পগুলিকে নথিভুক্ত ও সংরক্ষণের গুরুত্বের উপরও জোর দেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আইএএ ইন্ডিয়ার প্রতিনিধিরা বলেন যে মিজোরামের গভীরে প্রোথিত শৈল্পিক ঐতিহ্যই ইউনেস্কো বিশ্ব শিল্প দিবস আয়োজনের জন্য অনুপ্রাণিত করে। যার লক্ষ্য শিল্প ও সংস্কৃতির প্রতি বিশ্বব্যাপী প্রশংসা বৃদ্ধি করা। এই অনুষ্ঠানটি ভারত এবং তার বাইরের শিল্পী, সাংস্কৃতিক বিশেষজ্ঞ এবং ঐতিহ্যপ্রেমীদের আকর্ষণের সাথে সাথে, মিজোরাম লোকশিল্প এবং ঐতিহ্য সংরক্ষণের কেন্দ্র হিসাবে উল্লেখযোগ্য স্বীকৃতি অর্জন করতে চলেছে।

## অবশেষে কণ্ঠস্বরের নমুনা দিতে চলেছেন কালীঘাটের কাকু



**বেবি চক্রবর্তী: কলকাতা**

নিয়োগ দুর্নীতি কাণ্ডে সিবিআইকে সবচেয়ে বেগ পেতে হয়েছে কালীঘাটের কাকু( সুজয় কৃষ্ণ ভদ্র)কে নিয়ে। প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় বিচারকের উপস্থিতিতে আজই হবে তাঁর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ। এর আগে আদালতে 'কাকু'কে সশরীরে হাজিরা দেওয়ার নির্দেশ দিলেও অসুস্থতার কারণ দেখিয়ে বিচারকের ডাকা সাড়া দেননি তিনি। তবে এবার অবশেষে তিনি এসেছেন। আর 'কাকু'র

এরপর ৪ পাতায়

# চলতি সপ্তাহেই টানা চার দিন বন্ধ রাজ্য সরকারি অফিস

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




রাজ্য সরকারের কর্মচারীদের। সপ্তাহান্তে আরও এক দিন অতিরিক্ত ছুটি পাবেন তাঁরা।১৩ ফেব্রুয়ারি শব-এ-বারাতের কারণে বিধানসভাও বন্ধ থাকবে বলে জানানো হয়েছে। ১২ ফেব্রুয়ারি বিধানসভায় এ বারের বাজেট পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। তার পরের দিন অর্থাৎ ১৩ ফেব্রুয়ারি বাজেট নিয়ে আলোচনার জন্য অধিবেশন বসার কথা ছিল। কিন্তু ছুটির কারণে বৃহস্পতিবার অধিবেশন বসবে না বিধানসভায়।মঙ্গলবার রাজ্য সরকার নতুন নির্দেশিকা জারি করে ছুটি বৃদ্ধির কথা ঘোষণা করেছে। আগে, রাজ্য সরকারের তালিকায় একই দিনে শব-এ-বারাত এবং পঞ্চানন বর্মার জন্মবার্ষিকী উপলক্ষে ছুটির কথা বলা হয়েছিল।কিন্তু নতুন নির্দেশিকা অনুযায়ী, শব-এ-বরাত এবং পঞ্চানন বর্মার জন্মবার্ষিকীর ছুটি আলাদা আলাদা দিনে দেওয়া হয়েছে। শব-এ-বারাত এবং পঞ্চানন বর্মার জন্মবার্ষিকী মিলিয়ে শুধু ১৪ ফেব্রুয়ারিই ছুটি দেওয়া হয়েছিল। নতুন নির্দেশিকা অনুযায়ী, শব-এ-বারাতের ছুটি ১৩ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) এবং পঞ্চানন বর্মার জন্মবার্ষিকীর ছুটি ১৪ ফেব্রুয়ারি (শুক্রবার)। তার পরেই শনি এবং রবিবার। বেশির ভাগ সরকারি অফিসই বন্ধ থাকে শনিবার। ফলে সপ্তাহান্তে টানা চার দিন ছুটির পাচ্ছেন সরকারি কর্মচারীদের একটা বড় অংশ।







(১ম পাতার পর)

# ইভিএমের কোনও তথ্য ডিলিট নয়', কমিশনকে নির্দেশ সুপ্রিম কোর্টের, কারচুপির তত্ত্বেই সায়?

বিরোধীশিবির। আগেও এই বার বার হারের কারণ হিসেবে ইভিএমকে দায়ী করা হয়েছে। যদিও নির্বাচন কমিশনের তরফে এহেন অভিযোগ পত্রপাঠ উড়িয়ে দেওয়া হয়েছে প্রতিবারই। এ নিয়ে একাধিকবার সুপ্রিম কোর্টে মামলাও হয়েছে। ইভিএম বাতিলের দাবিতে আন্দোলনও হয়েছে। কিন্তু সুপ্রিম কোর্ট এ পর্যন্ত ইভিএম বাতিলের নির্দেশ দেয়নি। তবে এবার যেভাবে কমিশনকে ভোটের তথ্য সংরক্ষণের নির্দেশ দেওয়া হল, তাতে বিরোধীদের কারচুপি তত্ত্ব আরও জোরাল হতে পারে। অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্মস বা এডিআরের তরফে সুপ্রিম কোর্টে দাবি করা হয়েছিল, ভোটের পরও ইভিএমে সংরক্ষিত নথি খতিয়ে দেখা নির্বাচন কমিশনের অবশ্যকর্তব্য কাজের তালিকায় সংযুক্ত করা উচিত।খতিয়ে দেখা উচিত, ওই ইভিএমে এমন কিছু আছে কিনা যার মাধ্যমে হ্যাক করা হতে পারে। এডিআরের দাবি, ভোটের পর ইভিএমের হার্ডওয়্যার এবং সফটওয়্যার দুটোই পরীক্ষা করা উচিত। সেটা নির্বাচন কমিশনের স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর বা SOP-তে যুক্ত করা হোক।

মঙ্গলবার প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি দীপঙ্কর দত্তের এজলাসে মামলাটি ওঠে। প্রধান বিচারপতি শুনানি চলাকালীন নির্বাচন কমিশনকে উদ্দেশ্য করে বলেন, "দয়া করে ইভিএমের তথ্য এখন ডিলিট করবেন না বা রিলোড করবেন না। আমরা চাই অন্তত কেউ ওই তথ্য পরীক্ষা করে দেখুক।" সুপ্রিম কোর্টের এই পর্যবেক্ষণের অর্থ আপাতত কমিশনকে ভোট সংক্রান্ত তথ্য সংরক্ষণ করে রাখতে হবে।

(১ম পাতার পর)

# বাংলাদেশে নিষিদ্ধ! এবার এপার বাংলায় 'জয় বাংলা' স্লোগান নিয়ে বিরাট ঘোষণা মমতার

কবিতা থেকে নেওয়া হয়েছে।

হাসিনা সরকারের পতনের পর বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছে। এরপরেই সেদেশে 'জয় বাংলা' স্লোগান নিষিদ্ধ করা হয়। এবার এর রেশ গোটা বিশ্বে ছড়িয়ে পড়তে শুরু করেছে। সূত্রের খবর, ইউনুস সরকারের 'শাগরেদ'দের ভয়ে লন্ডনের বাঙালি ঠিকানা থেকে 'জয় বাংলা' স্লোগান মুছে ফেলা হচ্ছে। সেখানে তাঁদের দোকান, বাড়ি, রেস্তোরাঁ থেকে এই স্লোগান মুছে ফেলা হচ্ছে।

এদিন বিধানসভায় সাংবাদিকদের সঙ্গে ঘরোয়া আলোচনার সময় এই বিষয়ে জানতে পারেন মুখ্যমন্ত্রী। 'জয় বাংলা' স্লোগান থাকলেই ধরে নেওয়া হচ্ছে ওই ব্যক্তি আওয়ামি লিগের সমর্থক। লন্ডনে বাঙালি ঠিকানা থেকে আস্তে আস্তে মুছে দেওয়া হচ্ছে এই স্লোগান। এই আবহে এবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জানিয়ে দিলেন, এখানে 'জয় বাংলা' স্লোগান আছে ও থাকবে।

মমতার কথায়, 'আমাদের এখানে জয় বাংলা স্লোগান আছে ও থাকবে। কারণ এই স্লোগান কাজি নজরুল ইসলামের একটি কবিতা থেকে নেওয়া হয়েছে। বাংলা এবং বাঙালির গর্ব প্রকাশ করার জন্য 'জয় বাংলা' স্লোগান দেওয়া হয়। বাংলাদেশে যাই হোক, আমাদের এখানে জয় বাংলা স্লোগান আছে ও থাকবে'।

# জমির করের উপর নতুন নিয়ম চালু করল রাজ্য সরকার

**বেবি চক্রবর্তী: কলকাতা**

রাজ্যে বাধ্যতামূলক হল সম্পত্তি কর। নির্ধারণের জন্য স্বমূল্যায়ন অর্থাৎ সেল্ফ অ্যাসেসমেন্ট। আগেই রাজ্যের সব পুরসভায় এই পদ্ধতি চালু হয়েছে। এবার রাজ্যের গ্রামাঞ্চলেও একই পদ্ধতি চালু করতে উদ্যোগ নেওয়া হল পঞ্চায়েত দপ্তর তরফে। নতুন জমি-বাড়ি কেনার পর রেজিস্ট্রেশনের সময়েই সেল্ফ অ্যাসেসমেন্ট বাধ্যতামূলক করা হচ্ছে রাজ্যে।জানা যাচ্ছে, কোনো ব্যক্তি নতুন কেনা সম্পত্তি কিনলে তার রেজিস্ট্রেশনের সাথেই ক্রেতার কাছে স্বয়ংক্রিয়ভাবে পৌঁছে যাবে সেল্ফ অ্যাসেসমেন্টের নোটিস। যদি কোনো ক্রেতা ওই প্রক্রিয়া সম্পন্ন না করে তাহলে আইনি পদক্ষেপের পথে হাঁটবে রাজ্য। সম্পত্তি কর ফাঁকির প্রবণতা রুখতেই এই উদ্যোগ পঞ্চায়েত দপ্তরের।

এই বিষয়ে সংশ্লিষ্ট এক আধিকারিক জানান, 'যে মুহূর্তে একজন ক্রেতা বাড়ি বা জমি কিনে তার রেজিস্ট্রেশন করাবেন, সেই সময়ই ওই সম্পত্তি সংক্রান্ত যাবতীয় তথ্য দপ্তরে চলে আসবে। এরপর ক্রেতাকে এর মাধ্যমে সম্পত্তির স্বমূল্যায়ন করতে বলা হবে। যতক্ষণ পর্যন্ত ক্রেতা স্বমূল্যায়ন করবেন তাকে বার্তা পাঠাতে থাকবে দপ্তর।তিনি আরও বলেন, 'এই বিষয়ে সংশ্লিষ্ট গ্রাম

এরপর ৬ পাতায়

# কেজরিওয়ালের সরকারি আবাসকে 'পাপের শিশমহল' বলে কটাক্ষ বিজেপির



**বেবি চক্রবর্তী: দিল্লী**

ইতিমধ্যে উপ-রাজ্যপালকে চিঠি দিয়ে বিজেপির পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে, ওই বাড়িতে থাকবেন না বিজেপির মুখ্যমন্ত্রী। কারণ ওটা পাপের শিশমহল। চিঠিতে বীরেন্দ্র জানিয়েছেন, সরকারের আরও চারটি বাড়ির জমির 'দখল' নিয়ে ৬ নম্বর ফ্ল্যাগস্টাফ রোডের বাংলোর সঙ্গে মিলিয়ে অরবিন্দ কেজরিওয়াল শিশমহল তৈরি করেন। সেগুলিকে আবার পুরনো অবস্থায় ফিরিয়ে আনা হোক। ৬ নম্বর ফ্ল্যাগস্টাফ রোডের বাংলো কী কাজে ব্যবহার করা হবে তা নিয়ে সিদ্ধান্ত নেবে নতুন সরকার। বর্তমানে ওই বাংলো আবগারি দুর্নীতি মামলায় তদন্তকারীদের নজরে। তাই সেখানে নতুন মুখ্যমন্ত্রী থাকবেন না।

বিজেপির অভিযোগ,এই আবাসনকে সাজিয়ে তুলতে কোটি কোটি টাকা নয়ছয় করেছেন 'আম আদমি' কেজরিওয়াল। খোদ প্রধানমন্ত্রী অভিযোগ করেন, 'করোনাকালে গোটা দেশ যখন মৃত্যুর সঙ্গে লড়ছে তখন শিশমহল বানাচ্ছিলেন কেজরি। অথচ ক্ষমতায় আসার আগে উনি বলেছিলেন সরকারি বাংলো নেবেন না।' শিশমহল বিরোধী বিপুল প্রচারের পর ক্ষমতায় এসে বিজেপির মুখ্যমন্ত্রী যদি সেখানে থাকতে শুরু করেন তাহলে স্বাভাবিকভাবেই প্রশ্নের মুখে পড়বে গেরুয়া শিবিরের ভাবমূর্তি। অভিযোগ, মুখ্যমন্ত্রীর ওই বাসভবন আগে ১০ হাজার বর্গমিটারের কম জমিতে তৈরি হয়েছিল। বেআইনিভাবে তা পুনর্নির্মাণ করে ৫০ হাজার বর্গমিটারের বিলাসবহুল আবাসনে পরিণত করা হয়েছে। এক্ষেত্রে কোন কোন জমি ব্যবহার করা হয়েছে তাও বিশদে তুলে ধরেছেন বিজেপি সভাপতি। স্বাভাবিক কারণেই এখন অনেকটাই ব্যাকফুটে কেজরিওয়াল।

# সম্পাদকীয়

## কল্যাণীর বাজি বিস্ফোরনে শুভেন্দুর নতুন চাল

রাজ্য দিয়েছে ২ লক্ষ টাকার চেক। তাই বিজেপিকে আরও বেশি দিতে হবে, তাই শুভেন্দু দিলেন ২ লক্ষ ১ হাজার টাকার চেক। ভোট যে দুয়ারে। কল্যাণীতে বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় NIA তদন্তের দাবি জানালেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মঙ্গলবার ঘটনাস্থলে গিয়ে মৃতদের পরিবারের হাতে ২ লক্ষ ১ হাজার টাকার চেক তুলে দেন তিনি। একই সঙ্গে রাজ্য সরকার ও শাসকদলের সমালোচনা করে শুভেন্দুবাবু বলেন, মুখ্যমন্ত্রীর উচিত ছিল পুলিশকে শাস্তি দেওয়া। এদিন ঘটনাস্থলে পৌঁছে রাজ্য সরকারের তীব্র সমালোচনা করে শুভেন্দুবাবু বলেন, 'চারিদিকে পাকা বাড়ি। হতাহতের সংখ্যা আরও বাড়তে পারত।শুভেন্দুবাবু আরও বলেন, 'পাড়ায় পাড়ায় কী হচ্ছে খবর নিতে ১৪ বছর ধরে ভিলেজ পুলিশ, সিভিক ভলান্টিয়ার নিয়োগ করার গল্প তৈরি করেছিল রাজ্য সরকার। তার ফল কী?' তিনি বলেন, 'আজ বিজেপি মৃতদের পরিবারকে ২ লক্ষ ১ হাজার টাকা দিয়ে বুঝিয়ে দেবে জীবনের দাম টাকায় হয় না। একটা লোক ভেজাল মদ খেয়ে মরলে ২ লক্ষ টাকা, আবার আপনার পুলিশ, আপনার দল, ও আপনার দল পরিচালিত পুরসভার অবহেলা ও কার্যত অত্যন্ত দায়িত্বজ্ঞাহীনতার পরিচয়ের জন্য এই মৃত্যু হয়েছে এখানে আপনার অন্তত ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিয়ে এখানে পৌরসভার চেয়ারম্যান ও পুলিশকে দাঁড় করিয়ে শাস্তি দেওয়া উচিত ছিল।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(চৌত্রিশতম পর্ব)



বাবুকে অভয় দিয়ে জানালেন তিনি ব্রাহ্মণদল নিয়ে তাঁর পিতৃশ্রাদ্ধে উপস্থিত থাকবেন। শ্রাদ্ধের দিন তিনি বড়িশা, সরশুনা, কালীঘাট প্রভৃতি অঞ্চলের ব্রাহ্মণদের নিয়ে শ্রাদ্ধসভায় উপস্থিত হলেন। শ্রাদ্ধের ক্রিয়া কর্মাদি মিটে গেলে কালীপ্রসাদ দত্ত ব্রাহ্মণদের সম্মানার্থে ২৫০০০/- টাকা বিদায় স্বরূপ সন্তোষ রায়ের হাতে দিলেন। সন্তোষ রায় তখন ব্রাহ্মণদের বললেন, " দেখুন, আমরা যদি এই টাকা নিই তাহলে লোকে বলবে যে আমরা টাকার লোভে এক সমাজ পতিত ব্যক্তির পিতৃশ্রাদ্ধে উপস্থিত হয়েছিলাম। এই অপবাদের

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২য় পাতার পর)

## অবশেষে কণ্ঠস্বরের নমুনা দিতে চলেছেন কালীঘাটের কাকু

আগমন দিয়ে মঙ্গলে 'মঙ্গল' হতে পারে সিবিআইয়ের এমনটাই মনে করছেন অনেকে।

কাকু'র এই হাজিরা ও কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের উপরই অনেকাংশে দাঁড়িয়ে আছে প্রাথমিক নিয়োগ দুর্নীতির তদন্ত। কাকু'র এই হাজিরা ও কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের উপরই অনেকাংশে দাঁড়িয়ে আছে প্রাথমিক নিয়োগ দুর্নীতির তদন্ত। জানা গিয়েছে, মঙ্গলবার সিবিআই তরফে সংগ্রহ করা হবে এই নমুনা। সেই জন্যই সশরীরে আদালতে হাজির হয়েছেন সুজয়কৃষ্ণ ভদ্র। এরপর শুরু হবে কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের প্রক্রিয়া। তারপর সেই নমুনার সঙ্গে তাদের কাছে থাকা নমুনাগুলি মিলিয়ে দেখবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। তারপরে তারা কোনো সিদ্ধান্তে পৌঁছাবে।

সম্প্রতি, সেই ইডির মামলাতেই জামিন পেয়েছেন তিনি। বারংবার অসুস্থতা। মাঝে জেলযাত্রার একটা পর্ব কেটেছে এসএসকেএম। তারপর অবশেষে কলকাতা হাইকোর্টে নিয়োগ দুর্নীতিকাণ্ডে ইডির মামলা থেকে রেহাই পান সুজয়কৃষ্ণ। প্রসঙ্গত স্মরণীয় যে সুজয়কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বরের উপর এই তদন্ত অনেকটা নির্ভর করছে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই অনুযায়ী পুরোহিত অত্যন্ত নিষ্ঠার সাথে ষোলটা সোমবার ধরে এই ব্রত করল। তারপর ভোলানাথের আশীর্বাদে সে রোগমুক্ত হয়ে প্রতি সোমবারই ভোলানাথের পুজো করতে থাকে। কিছুদিন পর আবার যখন শিবপার্বতী ঐ মন্দিরে ঘুরতে আসেন, তখন পুরোহিতকে রোগমুক্ত দেখে তার আরোগ্য হওয়ার কারণ জিজ্ঞেস করেন। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী অমিত শাহ 12 থেকে 14 ফেব্রুয়ারি ভারত মণ্ডপম

**নয়াদিল্লি ফেব্রুয়ারী 10, 2025**



ভারতের ডাল এবং শস্য শিল্প এবং বাণিজ্যের শীর্ষ সংস্থা এবং সেইসাথে বিশ্ব ডাল সেক্টরের নলেজ হাব ইন্ডিয়া পালস অ্যান্ড গ্রেইন অ্যাসোসিয়েশন (আইপিজিএ) 12 থেকে 14 ফেব্রুয়ারি, 2025-এর নতুন দিল্লি, মানগঞ্জ, মানগঞ্জে দ্য পালস কনক্লেভ 2025-এর সপ্তম সংস্করণের আয়োজন করতে চলেছে। "সমৃদ্ধির জন্য ডাল - স্থায়িত্বের সাথে পুষ্টি" থিমের সাথে ইভেন্টটি স্বনির্ভরতা অর্জনের জন্য ভারতের ডাল উৎপাদন বাড়ানোর কৌশল, একটি স্থিতিশীল বাণিজ্য পরিবেশের জন্য নীতি কাঠামো, দক্ষতা উন্নত করার জন্য প্রযুক্তিগত অগ্রগতি, বিশ্ব বাজারের প্রবণতা, মূল্য সংযোজন পণ্যগুলির উপর জোর দেবে।

আইপিজিএ-এর ফ্ল্যাগশিপ দ্বিবার্ষিক ইভেন্ট, দ্য পালস কনক্লেভ (টিপিসি), ডাল সেক্টরে নিবেদিত বিশ্বের বৃহত্তম সম্মেলন-কাম-প্রদর্শনী। পূর্ববর্তী সংস্করণগুলি 30 টিরও বেশি দেশ থেকে অংশগ্রহণের সাক্ষী হয়েছে, TPC2025 এ 800+ প্রতিনিধি প্রত্যাশিত। কনক্লেভ ডাল সেক্টরের বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির উপর ফোকাস করবে। এর মধ্যে রয়েছে অভ্যন্তরীণ উৎপাদন এবং ক্রমবর্ধমান ডাল খরচের মধ্যে ব্যবধান কমানো, ডাল উৎপাদনে ভারতের স্বনির্ভরতা (আত্মনির্ভর ভারত) অগ্রসর করা এবং বিশ্বব্যাপী খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বৃদ্ধির জন্য টেকসই কৃষি চর্চা বাড়ানো।

ইভেন্ট এবং বিশ্ব ডাল দিবস 2025 সম্পর্কে কথা বলতে গিয়ে, মিঃ বিমল কোঠারি, চেয়ারম্যান, ইন্ডিয়া ডালস অ্যান্ড গ্রেইনস অ্যাসোসিয়েশন (IPGA) বলেছেন, "বিশ্ব ডাল দিবস 2025, থিমযুক্ত 'ডাল: কৃষি খাদ্য ব্যবস্থায় বৈচিত্র্য আনয়ন,' বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা বৃদ্ধি, পুষ্টিকরতা নিশ্চিতকরণ এবং পুষ্টিকরতা বৃদ্ধিতে ডালের গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর জোর দেয়। ডাল শুধুমাত্র উদ্ভিদ-ভিত্তিক প্রোটিনের একটি সমৃদ্ধ উৎস নয়, এটি টেকসই কৃষি, মাটির উর্বরতা বৃদ্ধি এবং কার্বন পদচিহ্ন হ্রাস করার মূল চালক। ভারত যেহেতু ডাল উৎপাদনে স্বনির্ভরতার দিকে অগ্রসর হচ্ছে, গার্হস্থ্য চাষকে শক্তিশালী করা, মূল্য শৃঙ্খল উন্নত করা এবং ভোক্তাদের সচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# ভারত শক্তি সপ্তাহ ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ভাষণ

**নতুন দিল্লি, ১১ ফেব্রুয়ারি ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও বার্তার মাধ্যমে ভারত শক্তি সপ্তাহ ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন। যশোভূমির এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, অংশগ্রহণকারীরা শুধুমাত্র শক্তি সপ্তাহের অংশীদার নন, তাঁরা শক্তিকে ঘিরে ভারতের আশা-আকাঙ্ক্ষার অবিচ্ছেদ্য অংশও বটে।

আন্তর্জাতিক শক্তির ক্ষেত্রে নতুন দিল্লির যশোভূমির এই সম্মেলন এক উল্লেখযোগ্য মাইলফলক হতে চলেছে। ২১ শতকে ভারতের অগ্রগতির কথা তুলে ধরে শ্রী মোদী বলেন, "বিদ্যুতের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালনের মাধ্যমে ভারত শুধুমাত্র নিজের অগ্রগতিকে এগিয়ে নিয়ে যাচ্ছে না, সেইসঙ্গে গোটা বিশ্বকেও অগ্রগতির পথ দেখাচ্ছে।" শক্তির ক্ষেত্রে ভারতের পাঁচটি স্তম্ভের কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী। এগুলি হল – সম্পদের ব্যবহার, অনন্য মেধার মাধ্যমে উদ্ভাবনকে উৎসাহদান, আর্থিক শক্তি ও রাজনৈতিক স্থায়িত্ব এবং আন্তর্জাতিক ধারাবাহিকতার প্রতি অঙ্গীকার।

শ্রী মোদী বলেন, গত এক দশকে ভারত বিশ্বের দশম বৃহত্তম অর্থনীতির দেশ থেকে পঞ্চম বৃহত্তম স্থানে উঠে এসেছে। ইথানল সংমিশ্রণের ক্ষেত্রে ভারতের সাফল্যের ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। সেই সঙ্গে কার্বন নিঃসরণ হ্রাস এবং কৃষকদের আয় বৃদ্ধির কথা উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, ভারতের জি-২০ সভাপতিত্বকালে আন্তর্জাতিক জৈব জ্বালানি জোট গঠন করা হয় এবং তা ক্রমশ সম্প্রসারিত হচ্ছে। বর্তমানে এর সঙ্গে যুক্ত রয়েছে ২৮টি দেশ এবং ১২টি আন্তর্জাতিক সংগঠন।

হাইড্রোকার্বন সম্পদের ক্ষেত্রেও প্রধানমন্ত্রী ভারতের সম্ভাবনার কথা তুলে ধরেন। তেল ও প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধানে ভারতের বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এর ফলে এগুলির উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং পাইপলাইন পরিকাঠামোর বিস্তারের ফলে প্রাকৃতিক গ্যাসের সরবরাহও বৃদ্ধি

এরপর ৬ পাতায়

# দ্বিতীয় দিনে মাধ্যমিক পরীক্ষার্থীদের উৎসাহ বাড়াতে ছয়টি স্কুলের প্রায় আড়াই হাজার পরীক্ষার্থী পেন ও জলের বোতল দিয়ে তাদের পাশে মন্দির বাজার থানার পুলিশ

**বাইজিদ মন্ডল ডায়মন্ড হারবার**

সোমবার ১০ই ফেব্রুয়ারি থেকে রাজ্যজুড়ে শুরু হল মাধ্যমিক পরীক্ষা ২০২৫। ছাত্রজীবনের প্রথম গুরুত্বপূর্ণ এই পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা ভবিষ্যতে বিভিন্ন বিভাগে পড়াশোনার সুযোগ পাবে। সারা রাজ্যের মতো দক্ষিন ২৪ পরগনা জেলার ডায়মন্ড হারবার ও মন্দির বাজার এলাকাতেও মাধ্যমিক পরীক্ষার আয়োজন নির্বিঘ্ন করতে বিশেষ উদ্যোগ নিয়েছে পুলিশ প্রশাসন।পরীক্ষার্থীদের যাতে কোনও অসুবিধা না হয়, সে জন্য ডায়মন্ড হারবার ও মন্দির বাজার থানার পুলিশ বিশেষ ব্যবস্থা গ্রহণ করে। এদিন পরীক্ষার দ্বিতীয় দিনে মন্দিরবাজার থানার পক্ষ থেকে এলাকার ছয়টি হাই স্কুল পরীক্ষাকেন্দ্রে আগত ছাত্র-ছাত্রীরা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রে পৌঁছতে পারে তার জন্য সু ব্যবস্থা করে। ফলে পরীক্ষার্থীরা নির্বিঘ্নে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পেরেছে। শুধু তাই নয়,মন্দির বাজার থানার পক্ষ থেকে ছয়টি হাই স্কুলের পরীক্ষার্থীদের উৎসাহ দিতে এবং মানসিকভাবে স্বস্তি দিতে মন্দির বাজার থানার পুলিশ প্রায় আড়াই হাজার পরীক্ষার্থী তাদের হাতে পেন ও পানীয় জল তুলে দেয়। পাশাপাশি এই বিতরণ করা হয়, যাতে পরীক্ষার্থীরা মানসিক শক্তি পায় ও আত্মবিশ্বাস বাড়ে। এই মহতী উদ্যোগের নেতৃত্ব দেন মন্দির বাজার থানার ভারপ্রাপ্ত পুলিশ প্রশাসন ও অন্যান্য পুলিশকর্মীরা। তাঁরা সবাই পরীক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভেচ্ছা জানান এবং তাদের পাশে থাকার বার্তা দেন। আগামী সাত দিন ধরে মাধ্যমিক পরীক্ষা চলবে, এবং এই সময় পরীক্ষার্থীদের নির্বিঘ্নে কেন্দ্রে পৌঁছানোর জন্য পুলিশের তরফ থেকে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। পরীক্ষাকেন্দ্রগুলির আশপাশে নিরাপত্তা বাড়ানো হয়েছে, যান চলাচল নিয়ন্ত্রিত রাখা হচ্ছে এবং প্রয়োজনে পুলিশের সাহায্য দেওয়া হবে। ডায়মন্ড হারবার ও মন্দির বাজার থানার পুলিশের এহেন মানবিক উদ্যোগে খুশি পরীক্ষার্থীরা ও তাদের অভিভাবকরা।



(৫ পাতার পর)

## ভারত শক্তি সপ্তাহ ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ভাষণ

পেয়েছে। অদূর ভবিষ্যতে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার বৃদ্ধির প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, এই সব ক্ষেত্রে প্রভূত বিনিয়োগের সম্ভাবনা রয়েছে।

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী শ্রী হরদীপ সিং পুরী তাঁর ভাষণে বলেন, মাত্র ৩ বছরের মধ্যে এই শক্তি সম্মেলন বিশ্বের মধ্যে দ্বিতীয় বৃহত্তম হয়ে উঠেছে। তিনি জানান, বিভিন্ন দেশের ২০ জনের বেশি মন্ত্রী এবং ফরচুন ৫০০ শক্তি সংস্থার ১০০ জন সিইও সহ ৫০টি দেশের ৭০,০০০-এর বেশি পেশাদার এবারের সম্মেলনে যোগ দিয়েছেন। শক্তির ক্ষেত্রে ভারতের উদ্ভাবন এবং শিল্পোদ্যোগের কথা উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ডেটা অ্যানালিটিকস সহ বিভিন্ন ক্ষেত্রে হাজার হাজার কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। আগামী ৪ দিন ধরে শক্তির বিভিন্ন ক্ষেত্রে নিয়ে আলোচনায় অংশ নেওয়ার জন্য ৬,০০০-এর বেশি প্রতিনিধির কাছে আবেদন জানান তিনি।

## এরো ইন্ডিয়া ২০২৫-এর পাশাপাশি প্রতিরক্ষা প্রতিমন্ত্রীর ধারাবাহিক দ্বিপাক্ষিক বৈঠক

**নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি , ২০২৫**

বেঙ্গালুরুতে ১০ ফেব্রুয়ারি ২০২৫ পঞ্চদশ এরো ইন্ডিয়ার পাশাপাশি প্রতিরক্ষা প্রতিমন্ত্রী শ্রী সঞ্জয় শেঠ ধারাবাহিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। ইতালির প্রতিরক্ষা দপ্তরের আন্ডার সেক্রেটারি ম্যাথিও পেরেগো দ্য ক্রেমাঙ্গ-র সঙ্গে বৈঠকে তাঁরা উভয়ে দু-দেশের মধ্য প্রতিরক্ষা সহযোগিতার বিভিন্ন দিকের পর্যালোচনা করেন। প্রতিরক্ষা নির্মাণ ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান সক্ষমতা এবং দেশীয় ব্যবস্থার উন্নয়ন নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়। সমস্ত ক্ষেত্রেই সম্পর্ককে আরও শক্তিশালী করা নিয়ে তাঁরা তাঁদের দায়বদ্ধতা ব্যক্ত করেছেন।

ব্রিটেনের হাউস অফ লর্ডসের সদস্য ও মন্ত্রী লর্ড ভার্নন কোকার-এর সঙ্গে বৈঠকে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতার পর্যালোচনা করা হয়। উভয় দেশের মধ্যে সম্পর্ককে আরও শক্তিশালী করতে তাঁরা সংকল্পবদ্ধ হয়েছেন। অন্য সহযোগী দেশগুলির সঙ্গে বিশেষত ভারত-প্রশান্ত মহাসাগরীয় এবং ভারত মহাসাগরীয় এলাকায় শান্তি, সমৃদ্ধি এবং আইনের শাসন নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে। সমুদ্র ক্ষেত্র সহ অন্যত্র এই সহযোগিতা নৌ-পরিবহনে স্বাধীনতা সুনিশ্চিত করবে বলে তাঁরা মত ব্যক্ত করেছেন।

লেসেথো-র প্রধানমন্ত্রীর দপ্তর (প্রতিরক্ষা এবং নিরাপত্তা)-এর মন্ত্রী লিফো তাউ-এর সঙ্গে বৈঠকে তাঁরা উভয়ে দ্বিপাক্ষিক সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধি এবং প্রতিরক্ষা রপ্তানির ক্ষেত্রে প্রভূত সম্ভাবনার সুযোগ নিয়ে আলোচনা করেছেন।

(৩ পাতার পর)

## জমির করের উপর নতুন নিয়ম চালু করল রাজ্য সরকার

পঞ্চায়েতকেও নজর রাখতে নির্দেশ দেওয়া হবে স্বমূল্যায়নে দেওয়া যাবতীয় তথ্য যাচাই করবে সংশ্লিষ্ট পঞ্চায়েত। অর্থাৎ এবারে কর ফাঁকি দেওয়ার কোনো সুযোগই নেই।এদিকে সম্প্রতি অনলাইনে সম্পত্তি কর জমা দেওয়ার পদ্ধতি চালু করেছে পঞ্চায়েত দপ্তর। তবে তারপরও বহু জায়গায় সেল্ফ অ্যাসেসমেন্ট পদ্ধতি ঠিকমতো হচ্ছে না বলে জানা যাচ্ছে। তাই এবারে রেজিস্ট্রেশন ও স্ট্যাম্প ডিউটি বিভাগের সঙ্গে একযোগে কাজ করতে চলেছে পঞ্চায়েত দপ্তর। সব মিলিয়ে পুরসভাগুলির পাশাপাশি এবার পঞ্চায়েত এলাকায়ও এই নিয়ম চালু হয়ে গেলে গোটা রাজ্যই সম্পত্তি করের স্বমূল্যায়নের আওতায় চলে আসবে। সবকিছু ঠিকথাকে চললে বিপুল পরিমাণ আয় বাড়তে পারে রাজ্যের।

# সিনেমার খবর

cinema TV

## সিনেমার প্রস্তাবে রানির না, মা-বাবাকে আটকে রেখে করা হয় ব্ল্যাকমেইল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রানি মুখার্জি, ক্যারিয়ারের শুরু থেকেই একের পর এক উল্লেখযোগ্য সিনেমা করেছেন তিনি। তবে, একটা সময় ছিল যখন টানা আট মাস কোনো সিনেমা করছিলেন না রানি। রীতিমতো চিন্তায় পড়ে গিয়েছিলেন তার পরিবারের লোকজন। এমনই সময় যশ চোপড়া একটি সিনেমার প্রস্তাব নিয়ে হাজির হন রানির কাছে। তখন এমন কী হলো, যে রানির মা-বাবাকে ঘরে বন্ধ করে ব্ল্যাকমেইল করতে বাধ্য হলেন যশ চোপড়া?

এক সাক্ষাৎকারে নিজেই সেই খবর সামনে এনেছিলেন রানি। জানিয়েছিলেন, যশ চোপড়া তখন রানিকে নিয়ে এক তামিল সিনেমার রিমেক করতে চাইছিলেন। সিনেমার নাম সাথিয়া। সেই সিনেমা করবেন না বলে জানিয়েছিলেন রানি।

তিনি জানিয়েছিলেন, সেই সময় একটি কাজও তিনি করছিলেন না। বাড়িতে বসে গিয়েছিলেন, মুঝসে দোস্তি কারগি সিনেমা করার পর। অনেক সিনেমার প্রস্তাব আসছিল তার কাছে। কিন্তু প্রতিটি সিনেমার প্রস্তাব তিনি ফিরিয়ে দিচ্ছিলেন।

তখন বাড়িতে বসে বিভিন্ন খবর পড়তেন। নানা বিষয় নজর রাখতেন। দেখতেন, কোথায় কে তার নামে কী লিখছে। অনেকেই বলতেন রানির ক্যারিয়ার শেষ হয়ে গেছে। যদিও তাতে তার খুব একটা সমস্যা হত না। তবে, তার পরিবার তাকে নিয়ে বেজায় চিন্তায় পড়ে যায়। পরিবারের লোকজন ভাবতে শুরু করে, মেয়ের মাথাটা খারাপ হয়ে গেছে, একের পর এক সিনেমা ছাড়ছে। সাথিয়া যে রানি করবে না বলে স্থির করেছেন, সেই খবরও তার মা-বাবা যশ চোপড়াকে জানান। তারপরই ব্ল্যাকমেইল করেন যশ। রানির মা-বাবাকে অফিস ঘরে তালা বন্ধ করে রেখে রানিকে ফোন করে বলেন, যদি তুমি রাজি না হও, তবে তাদের ছাড়া হবে না। তারপরই সিনেমা করতে রাজি হয়ে যান রানি।

## প্রেমের নামে প্রতারণা, নায়কের কথা শুনে কান্নায় ভেঙে পড়েন রেখা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অভিনেত্রী রেখা, যাকে নিয়ে দর্শকের মাঝে আজও একই রকম কৌতূহল ও আগ্রহ বিরাজমান, তা সত্যিই চমকপ্রদ। ৬০-এর দশকে পা দিয়ে তিনি এখনো প্রাসঙ্গিক, তার অভিনয় ও চরিত্রে কখনোই কোনো স্তব্ধতা আসেনি। রেখার ব্যক্তিজীবন, বিশেষ করে প্রেম ও সম্পর্ক নিয়ে নানা গুঞ্জন এবং আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে। তার রূপ ও গুণাবলীর পাশাপাশি, জীবনসঙ্গী বা সম্পর্ক নিয়ে মানুষের কৌতূহলও যেমন অব্যাহত, তেমনি তা কখনোই তার অভিনয় বা ক্যারিয়ারের শিখরে পৌঁছাতে বাধা হয়ে দাঁড়ায়নি। বাস্তবে, ব্যক্তিগত জীবনে তার সুখী হওয়ার বিষয়টি একটি চিরন্তন প্রশ্ন রয়ে গেছে, যা নিয়ে আজও নানা আলোচনা চলছে।



সুপারস্টারদের মন দেওয়া থেকে মন ভাঙা, একাধিক সাক্ষাৎকারে নিজের যন্ত্রণা চেপে না রাখতে পেরে চোখের জলে ভেসেছেন তিনি। যন্ত্রণা বুকে চেপে আবার কখনো হাসি মুখে বলেছেন, আমি ভালোই আছি।

যদিও প্রেম জীবনে ধাক্কা খেয়েছেন শত শতবার। যার নামের সঙ্গে সুপারস্টার অমিতাভ বচ্চনের নাম জড়িয়েছে দশকের পর দশক ধরে, জানেন তিনিই একটা সময় মন দিয়ে বসেছিলেন জিতেন্দ্রকে।

ভারতের সিমলায় চলছিল সিনেমার শুটিং। রেখার মনে তখন ঝড় তুলেছে সুপারস্টারের প্রেম। কিন্তু হঠাৎই কানে আসে এক অন্য কথা, যা বিশ্বাসই করে উঠতে পারেননি তিনি।

জিতেন্দ্র সেটে উপস্থিত এক কর্মীকে বলেছিলেন, রেখা তো টাইম পাস। কথাটা নিজের কানে জিতেন্দ্রকে বলতে শুনে ফেলেছিলেন তিনি। তারপর...! কান্নায় ভেঙে পড়েছিলেন রেখা। মেকআপ রুমেই হাউহাউ করে কেঁদে ফেলেন রেখা। যদিও তারপর নিয়েছিলেন চরম সিদ্ধান্ত। সম্পর্ক থেকে সরে আসার সিদ্ধান্ত নিয়েছিলেন তিনি। করে ছিলেনও তাই।

## প্রথমবার সিনেমায় জুটি যিশু-শ্রাবন্তী!



যিশু সেনগুপ্ত ও শ্রাবন্তী চট্টোপাধ্যায়।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রথমবারের মতো জুটি বাঁধতে চলেছেন যিশু সেনগুপ্ত ও শ্রাবন্তী চট্টোপাধ্যায়। লীনা গঙ্গোপাধ্যায়-শৈবাল বন্দ্যোপাধ্যায়ের তৃতীয় সিনেমায় দেখা যাবে তাদের। সিনেমাটি প্রযোজনা করবে অতনু রায় চৌধুরীর বেঙ্গল টকিজ। এমনটাই খবর ভারতীয় গণমাধ্যমের।

ছবিতে একটি গুরুত্বপূর্ণ চরিত্রে থাকার কথা রয়েছে অভিনেতা দেবেরও। যদিও এখন পর্যন্ত বিষয়টি নিয়ে কেউই মুখ খুলতে রাজি হচ্ছে না। শোনা যাচ্ছে, অভিনয়ের পাশাপাশি সহ-প্রযোজক হিসেবেও ছবির সঙ্গে যুক্ত থাকতে পারেন দেব। এর আগে দেব-যিশুকে একাধিক সিনেমায় দেখা গেছে।

সর্বশেষ মুক্তি পাওয়া তাদের 'খাদান' ব্লকবাস্টার। পাশাপাশি, দেব ও শ্রাবন্তীর একসঙ্গে একাধিক ছবিতে অভিনয় করেছেন। বহু সফল সিনেমার হিট জুটি তারা। মাঝে দীর্ঘ সময় আর তাদেরকে পর্দায় দেখা যায়নি। তাই এই ত্রয়ীকে পর্দায় দেখার জন্য মুখিয়ে রয়েছে দর্শকরা।

# অস্ট্রেলিয়ার বর্ষসেরা ক্রিকেটার হেড ও সাদারল্যান্ড

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

অস্ট্রেলিয়ার হয়ে বছরজুড়ে ব্যাট হাতে দুর্দান্ত পারফরম্যান্সের স্বীকৃতি পেয়েছেন ট্রাভিস হেড। দেশটির বর্ষসেরা পুরুষ ক্রিকেটারের পুরস্কার 'অ্যালান বোর্ডার মেডেল' জিতেছেন এই ব্যাটসম্যান। মেয়েদের সেরা নির্বাচিত হয়েছেন অ্যানাবেল সাদারল্যান্ড। এই পেস বোলিং অলরাউন্ডার জিতেছেন 'বেলিন্ডা ক্লার্ক অ্যাওয়ার্ড।'

দুজনই প্রথমবারের মতো পেলেন স্বীকৃতিটি। সোমবার জমকালো অনুষ্ঠানে অস্ট্রেলিয়ান ক্রিকেটে ২০২৪ সালের সেরাদের স্বীকৃতি দেওয়া হয়।

ছেলেদের বর্ষসেরা ওয়ানডে ক্রিকেটারও হয়েছেন হেড। 'শেন ওয়ার্ন টেস্ট প্লেয়ার অব দা ইয়ার' নির্বাচিত হয়েছেন পেসার জশ হেইজেলউড। গত বছর ৭ টেস্টে ১৩.৬০ গড়ে তিনি নিয়েছেন ৩৫ উইকেট।


ট্রাভিস হেড ও অ্যানাবেল সাদারল্যান্ড।

ছেলেদের বর্ষসেরা টি-টোয়েন্টি ক্রিকেটার হয়েছেন লেগ স্পিনার অ্যাডাম জ্যাম্পা। এই সংস্করণে গত বছর ২১ ম্যাচে তার প্রাপ্তি ছিল ৩৫ উইকেট। মেয়েদের টি-টোয়েন্টির সেরা হয়েছেন বেথ মুনি, ওয়ানডেতে অ্যাশলি গার্ডনার।

২০২৪ সালে তিন সংস্করণ মিলিয়ে অস্ট্রেলিয়ার হয়ে চার সেঞ্চুরিতে মোট ১ হাজার ৪২৭ রান করেন হেড। ৯ টেস্টে ৪০.৫৩ গড়ে করেন ৬০৮ রান। সেঞ্চুরি করেন তিনটি। যার দুটি বোর্ডার-গাভাস্কার ট্রফিতে ভারতের বিপক্ষে টানা দুই ম্যাচে।

অ্যাডিলেইডে গোলাপি বলের টেস্টে ১৪১ বলে ১৪০ রানের পর ব্রিজবেনে করেন ১৬০ বলে ১৫২। আরেকটি সেঞ্চুরি করেন তিনি বছরের শুরুতে অ্যাডিলেইডে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে।

ওয়ানডেতে গত বছর ৫ ম্যাচে ৬৩ গড় ও ১২০ স্ট্রাইক রেটে বাঁহাতি এই ব্যাটসম্যান করেন ২৫২ রান। ইংল্যান্ডের বিপক্ষে রান তাড়ায় খেলেন ১২৯ বলে অপরাজিত ১৫৪ রানের ম্যাচ জয়ী ইনিংস। আর টি-টোয়েন্টিতে বছরে ১৫ ম্যাচে ১৭৮.৪৭ স্ট্রাইক রেটে তিনি করেন ৫৩৯ রান।

সাদারল্যান্ড ২০২৪ সালে টেস্ট খেলেন একটি। পার্থে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ওই ম্যাচে ছয়ে নেমে ব্যাট হাতে তিনি করেন ২৫৬ বলে ২১০ রান, যা মেয়েদের টেস্টে ছয় নম্বরে নেমে সর্বোচ্চ ইনিংস। হাত ঘুরিয়ে ওই ম্যাচে তিনি নেন ৫ উইকেট।

গত বছরে ১২ ওয়ানডেতে ৫২.৭১ গড় ও ১০০.২৭ স্ট্রাইক রেটে তিনি করেন ৩৬৯ রান। ওভারপ্রতি ৪.১৯ করে রান দিয়ে উইকেট নেন ১৩টি। এছাড়া টি-টোয়েন্টিতে ১৭ ম্যাচে নেন ১৯ উইকেট।

# রাশফোর্ডকে ছেড়ে দিল ইউনাইটেড



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

মাত্র ৭ বছর বয়সে ম্যানচেস্টার ইউনাইটেডে যোগ দিয়েছিলেন মার্কাস রাশফোর্ড। এরপর ওল্ড ট্রাফোর্ডই হয়ে উঠেছিল তার ঘর-বাড়ি। কিন্তু শেষ পর্যন্ত সেই বাড়ি ছাড়তে হচ্ছে। ধারে ম্যানচেস্টার ইউনাইটেড ছেড়ে অ্যাস্টন ভিলায় চলে যাচ্ছেন ২৭ বছর বয়সী এই ফরোয়ার্ড।

ইতালিয়ান সাংবাদিক ফ্যাব্রিজিও রোমানো জানান, এরই মধ্যে অ্যাস্টন ভিলায় মেডিক্যাল পরীক্ষাও দিয়েছেন রাশফোর্ড।

ইউনাইটেড ছাড়ার প্রতিক্রিয়ায় ইনস্টাগ্রাম পোস্টে রাশফোর্ড লিখেছেন, 'ধারের চুক্তিটা সম্পন্ন করার জন্য আমি ম্যানচেস্টার ইউনাইটেড এবং অ্যাস্টন ভিলাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি সৌভাগ্যবান যে কিছু ক্লাব আমাকে নিতে চেয়েছে, তবে অ্যাস্টন ভিলায় যাওয়ার সিদ্ধান্ত নেওয়াটা সহজ ছিল।

অ্যাস্টন ভিলা এ মৌসুমে যেভাবে খেলেছে সেটা আমার খুব পছন্দ হয়েছে এবং কোচের আকাঙ্ক্ষাও আমার ভালো লেগেছে। আমি শুধু ফুটবলটাই খেলতে চাই এবং মাঠে নামার জন্য উন্মুখ হয়ে আছি। আমি বাকি মৌসুমের জন্য ম্যানচেস্টার ইউনাইটেডকে শুভকামনা জানাতে চাই।'

আপাতত ধারে যোগ দিলেও সূত্রের বরাত দিয়ে ইএসপিএন জানিয়েছে, পরবর্তী সময়ে রাশফোর্ডের সঙ্গে অ্যাস্টন ভিলা চাইলে স্থায়ী চুক্তিতে যেতে পারবে। তবে ভিলা যদি চুক্তি স্থায়ী করতে না চায় তবে আগামী গ্রীষ্মে আবার ইউনাইটেডে ফিরে আসবেন এই ফরোয়ার্ড।

২০১৬ সালে দলটির সিনিয়র দলে যোগ দেওয়ার পর খেলেছেন সাড়ে নয় মৌসুম। এ সময় ৪২৬ ম্যাচ খেলে গোল করেছেন ১৩৮টি। রাশফোর্ড এ সময়ে দলটির হয়ে ৫টি শিরোপাও জিতেছেন। এবার তাকে ছাড়তে হচ্ছে ম্যানচেস্টার ইউনাইটেড।

রুবেন আমোরিম ম্যানচেস্টার ইউনাইটেডের কোচ হওয়ার পর থেকেই গুঞ্জন ওঠে রাশফোর্ডকে ছেড়ে দেওয়ার। সম্প্রতি অনিয়ন্ত্রিত জীবনযাপনের অজুহাত দেখিয়ে দল থেকে ছেঁটে ফেলা হয় তাকে। আমোরিমের অধীনে গত ১২ ডিসেম্বর ইউনাইটেডের জার্সিতে শেষ ম্যাচ খেলেন রাশফোর্ড। এবার কোচকে সন্তুষ্ট করতে না পারার কারণেই ক্লাব ছাড়তে হচ্ছে রাশফোর্ডকে।

# অস্ট্রেলিয়ান হল অব ফেমে মাইকেল বেভান

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

অস্ট্রেলিয়ান ক্রিকেটের হল অব ফেমে জায়গা পেয়েছেন মাইকেল বেভান। এতদিন টেস্টের সাদামাটা পরিসংখ্যানের জন্য অস্ট্রেলিয়ার হল অব ফেমে জায়গা পাচ্ছিলেন না তিনি। তবে নিয়মে পরিবর্তন আনার পর এই অভিজাত তালিকায় জায়গা পেয়েছেন 'দ্য ফিনিশার' নামে পরিচিত এই বাঁহাতি মিডল অর্ডার ব্যাটসম্যান।

সাদা বলের ক্রিকেটে অস্ট্রেলিয়ার সর্বকালের সেরাদের একজন বেভান। ২৩২ ওয়ানডেতে ৫৩.৫৮ গড়ে তিনি করেছেন ৬ হাজার ৯১২ রান।

তার মধ্যে আছে ১৯৯৬ সালের ১ জানুয়ারি সিডনিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে শেষ বলে চার মেরে এনে দেওয়া জয়। সেটা ওয়ানডে ক্রিকেটের আইকনিক মুহূর্তের একটা হয়ে আছে।

২০০২ সালে নিউজিল্যান্ডের বিপক্ষে ৮২ রানে ৬ উইকেট হারানো অস্ট্রেলিয়াকে বেভান নিয়ে গিয়েছিলেন জয়ের বন্দরে। ৯৫ বলে খেলেছিলেন ১০২ রানের অনবদ্য ইনিংস। পরের বছর বিশ্বকাপে ইংল্যান্ডের বিপক্ষে অপরাজিত ৭৪ তার সেরা ইনিংসগুলোর একটি।

১৯৯৯ ও ২০০৩ বিশ্বকাপ জয়ে ভূমিকা রাখা বেভান হল অব ফেমে জায়গা পেতে পারতেন গত ১৫ বছর ধরে। কিন্তু টেস্ট ক্রিকেটে ১৮ ম্যাচের সাদামাটা



অস্ট্রেলিয়ান হল অব ফেমে মাইকেল বেভান।

পারফরম্যান্সের জন্য জায়গা হচ্ছিল না তার।

নিয়মে পরিবর্তন আনায় এবার সেটা সম্ভব হলো। কেন এই বদল আনা হলো, এর ব্যাখ্যা দিলেন হল অব ফেম কমিটির চেয়ারম্যান পিটার কিং।

তিনি বলেন, 'মাইকেলের ব্যতিক্রমী রেকর্ড এবং তার পক্ষে মানুষের অবস্থান অস্ট্রেলিয়ার ক্রিকেট হল অব ফেম কমিটিকে নিয়ম পর্যালোচনার দিকে নিয়ে গেছে। ওয়ানডে কিংবা আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে অসাধারণ খেলেছে, এমন ক্রিকেটারদেরও যেন টেস্ট ক্রিকেটে দ্যুতি ছড়ানো ক্রিকেটারদের মতই স্বীকৃতি দেওয়া যায়, তা নিশ্চিত করা। নি:সন্দেহে সাদা বলের ক্রিকেটে একটি বিপ্লব ঘটিয়েছিলেন মাইকেল এবং অসাধারণ অ্যাথেলেটিসিজম, রান তাড়া করার সামর্থ্য এবং ব্যাটিংয়ে মুন্সিয়ানার জন্য পরিচিতি পেয়েছিলেন তিনি।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR